

টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড
টঙ্গী, গাজীপুর।

বিষয়ঃ টি এস এস এল এর ইনোভেশন টিমের ২০১৯-২০২০ অর্থ বছরের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতিঃ ফখরুল হায়দর চৌধুরী
ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড।

স্থানঃ টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড এর সভাকক্ষ,

তারিখ ও সময়ঃ ২৬/০৮/২০১৯খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা।

অদ্য ২৬/০৮/২০১৯খ্রিঃ তারিখে টেশিস এর ব্যবস্থাপনা পরিচালক এর সভাপতিত্বে টেশিস এর সভাকক্ষে সকাল ১০:০০ ঘটিকার সময় টিএসএসএল এর উদ্ভাবনী উদ্যোগ সমূহের বাস্তবায়নের নিমিত্তে ২০১৯-২০২০ অর্থ বছরের ইনোভেশন কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। উক্ত সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

১। জনাব মোঃ মিজানুর রহমান মোল্লা, ডিজিএম, (সেলস & পিএসটিএন)	আহবায়ক
২। জনাব মোঃ মাহমুদুল হাসান, সহকারী প্রকৌশলী, (সেলস & পিএসটিএন)	সদস্য
৩। জনাব মোঃ জোবায়ের রায়হান, সহকারী প্রকৌশলী, (ল্যাপটপ প্লান্ট)	সদস্য
৪। জনাব মোঃ মোজাম্মেল হক, সহকারী প্রকৌশলী, (ল্যাপটপ প্লান্ট)	সদস্য সচিব

২৭/০৮/২০১৯খ্রিঃ তারিখে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিতব্য ইনোভেশন কর্মসূচীর করণীয় এর বিষয়ে টিএসএসএল এর ইনোভেশন টিমের কার্যক্রম বাস্তবায়নের জন্য ইনোভেশন কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানানো হয়। ইতোমধ্যে টিএসএসএল এর ইনোভেশন টিমের ইতোমধ্যে প্রেরিত ২০১৯-২০২০ অর্থ বছরের কর্মপরিকল্পনার উপর নিম্নরূপ বিস্তারিত আলোচনা করা হয়।

১। মাল্টিমিডিয়া প্রজেক্টর সংযোজন সক্ষমতা অর্জনঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়সহ বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে টিএসএসএল থেকে মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহের চাহিদার প্রেক্ষিতে টিএসএসএল এর Strategic Partner কে SKD Component সরবরাহ করতে চাহিদাপত্র দেয়া হলে SKD Component সরবরাহ সম্ভব নয় মর্মে টিএসএসএল কে জানানো হয়। এমন পরিস্থিতিতে টিএসএসএল নিজ উদ্যোগে কিছুসংখ্যক কমপ্লিট মাল্টিমিডিয়া প্রজেক্টর সংগ্রহ করে সেগুলো SKD ফরম্যাট এ আলাদা করে টিএসএসএল প্ল্যাটে পুনরায় সংযোজন করে প্রোজেক্টর Assembling সফলভাবে করা হয়। টিএসএসএল এর প্রকৌশলীদের তত্ত্বাবধানে পরীক্ষামূলকভাবে প্রক্রিয়াটি কয়েকবার সম্পন্ন করার মাধ্যমে টিএসএসএল এর প্ল্যাটে মাল্টিমিডিয়া প্রজেক্টর উৎপাদন/ সংযোজন সক্ষমতা তৈরি হয়েছে। ভবিষ্যতে মাল্টিমিডিয়া প্রজেক্টর এর SKD Component এনে টিএসএসএল এর Assembling টিম দ্বারা মাল্টিমিডিয়া প্রজেক্টর উৎপাদন/ সংযোজন করা সম্ভব হবে।

২। DECT (Digital Enhanced Cordless Technology) Cordless Telephone Set উৎপাদন/ সংযোজনঃ বর্তমানে টিএসএসএল থেকে বিটিসিএল এবং অন্যান্য সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে চাহিদার প্রেক্ষিতে পিএসটিএন টেলিফোন সেট সরবরাহ করা হচ্ছে। এক্ষেত্রে DECT একটি নতুন সংযোজন যার মাধ্যমে একজন পিএসটিএন গ্রাহক Cordless Telephone Set এ Voice এর পাশাপাশি Data Trans/Receive করতে সক্ষম হবে। সভাপতি জানান DECT বিষয়ে TSS এর Strategic Partner দের জানানো হয়েছে। Assembling প্রকৌশলীগণ এ বিষয়ে বিস্তারিত আলোচনায় অংশ নেন। সভাপতি মহোদয়কে এ বিষয়ে আশ্বস্ত করেন যে, DECT সাপোর্টেড Wireless Handset SKD Component টিএসএসএলে এনে উৎপাদন/ সংযোজন করা হবে এবং বিটিসিএলসহ সরকারী ও আধা-সরকারী প্রতিষ্ঠানের চাহিদা অনুসারে সরবরাহ করতে সক্ষম হবে।

৩। Electronic Cash Register সংযোজনঃ এই ডিজিটাল ডিভাইসটির মাধ্যমে বাণিজ্যিক প্রতিষ্ঠানের Sales Record, Total Inventory Record ডাটা অফলাইন এবং অনলাইনের মাধ্যমে লিপিবদ্ধ করে রাখা যায়। একই সাথে ক্রেতা/ বাবহারকারীকে প্রিন্টেড কপি প্রদান করা যায়। সভাপতি Electronic Cash Register উৎপাদন/ সংযোজন বিষয়ে কাজ করার জন্য টিএসএসএল প্রকৌশলীদের আহবান জানান। NBR সহ অন্যান্য প্রতিষ্ঠানের চাহিদার প্রেক্ষিতে টিএসএসএল কর্তৃক Cash Register উৎপাদন/সংযোজন পূর্বক সরবরাহ করা সম্ভব হবে মর্মে সভায় দৃঢ় আশাবাদ ব্যক্ত করা হয়।

২০১৯-২০২০ অর্থ বছরের ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নের জন্য ইনোভেশন টিমের সকল সদস্যকে আন্তরিকভাবে কাজ করার জন্য সভাপতি মহোদয় সকলকে নির্দেশনা প্রদান করা হয়।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফখরুল হায়দর চৌধুরী)
ব্যবস্থাপনা পরিচালক

০/৮